

■ চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে জৈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: যখন তোমাকে জিঞ্জেস করা হয়, মৃত আলী এবং অন্যদের কাছে যারা ফরিয়াদ করে ও তাদের কাছে মদদ চায় তারা কি তাদের ডাকে সাড়া দেয়?

উত্তর: বল, যারা তাদেরকে ডাকে তারা তাদের ডাকে সাড়া দেয় না এবং যারা তাদের ডাকে অথবা তাদের কাছে ফরিয়াদ করে, তারা তাদের ডাকে সাড়া দিতে সক্ষম নয়। আল্লাহ তা আলা বলেন,

﴿ وَٱلَّذِينَ تَدااَعُونَ مِن دُونِهِ اَ مَا يَمالِكُونَ مِن قِطاهميرٍ ١٣ إِن تَدااَعُوهُما لَا يَساهَمُواْ دُعَآءَكُما وَلُوا سَمِعُواْ مَا يَمالِكُونَ مِن قِطاهميرٍ ١٣ إِن تَدااعُوهُما لَا يَساهَمُواْ دُعَآءَكُما وَلَوا مُنالِدُ عَلِيهِ ١٤ ﴾ [فاطر: ١٣، ١٤]

"আর আল্লাহকে ছাড়া যাদেরকে তোমরা ডাকো তারা খেজুরের আঁটির আবরণেরও মালিক নয়। তোমরা যদি তাদেরকে ডাকো, তারা তোমাদের ডাক শুনবে না আর শুনতে পেলেও তোমাদের ডাকে সাড়া দেবে না এবং কিয়ামতের দিন তারা তোমাদের শরীক করাকে অস্বীকার করবে"। [সূরা ফাতির, আয়াত: ১৩-১৪] সে বড়ই হতভাগা, যাকে শয়তান ও পথভ্রম্ভরা ধোঁকা দিয়ে মৃত ও কবরস্থ নবী, অলী ও নেককার লোকদের আহ্বান করাকে সুশোভিত করে দেখিয়েছে! আল্লাহ তা'আলা বলেন,

﴿ وَمَن ٓ أَضَلُّ مِمَّن يَداَعُواْ مِن دُونِ ٱللَّهِ مَن لَّا يَساَتَجِيبُ لَهُ آ إِلَىٰ يَوااَمِ ٱلاَقِيِّمَةِ وَهُما عَن دُعَآئِهِم ٓ غُفِلُونَ هُوَمَا اللهِ عَن دُعَآئِهِم ٓ غُفِلُونَ هُ ﴾ [الاحقاف: ٥]

"তার চেয়ে অধিক পথভ্রম্ভ আর কে, যে আল্লাহর পরিবর্তে এমন কাউকে ডাকে, যে কিয়ামত দিবস পর্যন্তও তার ডাকে সাড়া দেবে না? আর তারা তাদের ডাক সম্পর্কে উদাসীন"। [সুরা আল-আহকাফ, আয়াত: ৫]

Source — https://www.hadithbd.com/books/link/?id=9973

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন